২৫

দৈনিক বাংলা

তারিখ 17 SEP 198…
পৃষ্ঠা… … কলাম… …

170

ছাত্রাবাস থেকে অস্ত্র উদ্ধার

# চট্টগ্রাম পলিটেকনিকে সংঘর্ষে ছাত্র নিহত

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম, ১৬ই সেপ্টেম্বর।— চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে গতকাল রাতে এক সশস্ত্র সংঘর্ষে মঞ্জুরুল আলম নামে একজন ছাত্র নিহত এবং দু'জন আহত হয়েছেন। আহতরা হলেন দিদার ও লিটু।

জাতীয়তাবাদী ছাত্রদল মঞ্জুরুলকে তাদের কর্মী বলে দাবী করেছে। ছাত্রলীগ (হা-অ) দাবী করেছে আহত দু'জন তাদের সংগঠনের কর্মী।

(৩-এর পৃঃ দ্রঃ)

## ছাত্র নিহত

(প্রথম পৃঃ পর)

ছাত্রদল ও পলিটেকনিক ছাত্র ছাত্রী পরিষদের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, গতরাতে ইনস্টিটিউটের টিভি কক্ষে কতিপয় ছাত্র নীলছবি দেখছিল। এর প্রতিবাদ জানানোতে ছাত্রলীগ কর্মীরা মঞ্জুরুলের উপর চড়াও হয়ে তাকে হত্যা করে।

পুলিশ জানিয়েছে, গতরাতে ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে বাক-বিতন্ডার পর উভয় পক্ষের মধ্যে বোমাবাজি ও সংঘর্ষ হয়। এতে একজন নিহত ও দু'জন আহত হন। পুলিশ ইনস্টিটিউট অধ্যক্ষের বাসভবনের সামনে থেকে গতরাতে ছাত্র সংসদের সাধারণ সম্পাদক শাহ মোয়াজ্জেম হোসেন মিঠুসহ ছাত্রদলের ৬ জন কর্মীকে আটক করে। পাঁচলাইশ থানা জানিয়েছে, এদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগে মামলা দায়ের হয়েছে। তবে আটককৃতদের কাছে কোন অস্ত্র পাওয়া যায়নি।

এদিকে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে গতরাত ১২টায় পুলিশ ইনস্টিটিউট ছাত্রাবাসের কক্ষ থেকে ১টি পাইপগান, ২টি দেশী বন্দুক, ৩০টি ক্রেকার ও ৪টি কিরিচ আটক করে।

তল্লাশীর পর রাত ১টায় একদল বহিরাগত ছাত্রাবাসের ২০টি কক্ষ ভাঙচুর করে। ক্যাম্পাস এখনো বহিরাগতদের দখলে।

দোস্ত বিল্ডিং চত্বরে আজ আবু সুফিয়ানের সভাপতিত্বে ছাত্রদল এক প্রতিবাদ সভার আয়োজন করে। মঞ্জুরুলের গায়েবানা জানাজাও অনুষ্ঠিত হয়। বিএনপি চট্টগ্রাম মহানগরী শাখা হত্যাকান্ডের নিন্দা জানিয়েছে।

### শিবিরের প্রতিবাদ সভা

ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা আজ এক প্রতিবাদ সভার আয়োজন করে। মঞ্জুর আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তাগণ বিশ্ববিদ্যালয়ে পরিবেশ পরিষদ গঠনের প্রতিবাদ জানান।